## অধ্যায়-১৩ : অগ্নিবিমা

৩২৭. আধুনিক অগ্নিবিমার জনক কে? (জ্ঞান)
ক ম্যাক রবিনসন খ নিকোলাস রবার্ট
গ নিকোলাস বারবন ঘ টমাস নিকোল গ

৩২৮. অগ্নিবিমার মাধ্যমে ব্যক্তি ও প্রতিষ্ঠান কীসের নিরাপত্তা নিশ্চিত করে? (জ্ঞান)
ক সম্পদের খ অর্থের
গ দেশের ঘ মানুষের ক

৩২৯. কোনটি অগ্নিজনিত প্রাকৃতিক ঝুঁকি? (জ্ঞান)
ক বিশেষ কারণ খ অসতর্কতা
গ অবহেলা
ঘ বৈদ্যুতিক সংযোগে ত্রুটি ঘ

৩৩০. দুর্ঘটনার পড়ে সম্পত্তির মূল্যের প্রমাণাদি দাখিল করতে হয় না কোন ধরনের বিমাপত্রে? [অনুধাবন]
ক গড় বিমাপত্রে খ বিশেষ বিমাপত্রে
গ মূল্যায়িত বিমাপত্রে ঘ ভাসমান বিমাপত্রে গ

৩৩১. 'দুর্ঘটনার পর ক্ষতিপূরণ প্রদান করা হয় পূর্বনির্ধারিত মূল্যে, বাজার মূল্যে নয়' কোন ধরনের অগ্নি বিমাপত্রে? (অনুধাবন)
ক সাধারণ খ বিশেষ
গ গড় ঘ মূল্যায়িত ঘ

৩৩২. নির্দিষ্ট কোনো সম্পত্তির বিমা নির্দিষ্ট সময়ের জন্য এবং নির্দিষ্ট অর্থে করা হলে এটি কী ধরনের বিমাপত্র? (অনুধাবন)
ক ভাসমান খ গড়
গ সুনির্দিষ্ট ঘ মূল্যায়িত গ

৩৩৩. অগ্নিবিমার বিষয়বস্তু কী? (জ্ঞান)
ক মানুষের জীবন
খ স্থাবর ও অস্থাবর সম্পত্তি
গ মোটরযান ঘ সমুদ্রযান খ

৩৩৪. বিমাযোগ্য স্বার্থ সৃষ্টির জন্য বিমাকৃত সম্পত্তির ওপর বিমাগ্রহীতার কী থাকতে হবে? (জ্ঞান)
ক অধিকার খ বিশ্বাস
গ মালিকানা ঘ নিশ্চয়তা গ

৩৩৫. গড়পড়তা নীতি বলতে কী বোঝায়? (অনুধাবন)
ক বিমাকৃত সম্পত্তির মূল্যানুপাতে ক্ষতিপূরণ
খ বিমাকৃত সম্পত্তির বাজারমূল্য অনুযায়ী ক্ষতি নিরূপণ
গ সম্পত্তির জন্য সুনির্দিষ্ট মূল্য নির্ধারণ করা হয় এবং সেই পরিমাণ ক্ষতিপূরণ
ঘ ক্ষতিগ্রস্ত সম্পত্তির প্রকৃতমূল্য এবং বিমাকৃত মূল্যের অনুপাতে ক্ষতির পরিমাণ নির্ধারণ ঘ

৩৩৬. কোনটির কারণে চুক্তি বাতিল হতে পারে? (অনুধাবন)
ক তথ্য গোপন করে চুক্তি সম্পাদন করলে
খ তথ্য পূর্ণ প্রকাশের ফলে
গ আংশিক তথ্য প্রকাশের ফলে
ঘ সম্পত্তির বেশি পরিমাণে ক্ষতি হলে ক

৩৩৭. অগ্নি বিমাপত্রের প্রস্তাব ফরম সংগ্রহ করে তা পূরণের মাধ্যমে কোন ধাপ সম্পন্ন হয়? (জ্ঞান)
ক সম্পূর্ণ ধাপ খ প্রাথমিক ধাপ
গ শেষ ধাপ ঘ মধ্যম ধাপ খ

৩৩৮. অগ্নিবিমাপত্র গ্রহণের সময় কোন ধরনের সার্টিফিকেট জমা দিতে হয়? (অনুধাবন)
ক মূল্য সনদ খ নিশ্চয়তা সনদ
গ চারিত্রিক সনদ ঘ পণ্য উৎপত্তিস্থল গ

৩৩৯. অগ্নিবিমায় নৈতিক ঝুঁকি বেশি থাকে কেন? (উচ্চতর দক্ষতা)
ক এ ধরনের বিমায় বিমাগ্রহীতাদের মান দুর্বল হয়
খ সম্পদ সরিয়ে অগ্নিসংযোগের সম্ভাবনা থাকে
গ আগুনের ক্ষতি নিমেষে সংঘটিত হয়
ঘ এক্ষেত্রে বিমাকৃত অঙ্কের পরিমাণ অনেক বেশি হয় খ

৩৪০. যে কারণসমূহ সরাসরি অগ্নিকান্ড ঘটাতে সক্ষম তাকে কী বলে? (অনুধাবন)
ক প্রত্যক্ষ অগ্নিকান্ড খ পরোক্ষ অগ্নিকান্ড
গ সর্বমোট অগ্নিকান্ড ঘ সাধারণ অগ্নিকান্ড ক

৩৪১. কোনটি অগ্নিসংযোগের পরোক্ষ কারণ? (উচ্চতর দক্ষতা)
ক অসতর্কতা
খ নিম্নমানের উপকরণ ব্যবহার
গ ইচ্ছাকৃত অগ্নিসংযোগ
ঘ অবহেলা ও অবজ্ঞতা খ

৩৪২. অগ্নিজনিত ক্ষতির ক্ষেত্রে নৈতিক কারণ কোনটি? (উচ্চতর দক্ষতা)
ক হিংসাত্মক অগ্নিসংযোগ
খ ইচ্ছাকৃত অগ্নিসংযোগ
গ সঠিক পরিকল্পনার অভাব
ঘ অপর্যাপ্ত অগ্নি নির্বাপণ ব্যবস্থা ক

৩৪৩. মানুষের ভুল-ত্রুটির কারণে সৃষ্ট বিরূপ ফলাফলের জন্য কোন ধরনের ঝুঁকির সৃষ্টি হয়? (জ্ঞান)
ক নৈতিক ঝুঁকি খ প্রাকৃতিক ঝুঁকি
গ জীবনের ঝুঁকি ঘ ব্যবসায়ের ঝুঁকি খ

৩৪৪. প্রতিরোধের প্রচেষ্টা বলতে কোনটিকে বোঝায়? (অনুধাবন)
ক অগ্নিকান্ড সংঘটিত হবার ঝুঁকিসমূহকে
খ প্রকৃতপক্ষে অগ্নিবিমাকে নির্দেশ করে

Teachingbd.com

(গ) অগ্নিকান্ডের ভয়াবহতাকে
(ঘ) সুষ্ঠু পরিকল্পনাকে **ক**

**৩৪৫. অগ্নিবিমায় উল্লিখিত কারণে সম্পত্তির ক্ষতি হলে বিমাগ্রহীতা কোন কাজটি করে?** (অনুধাবন)
(ক) বিমাকারীর নিকট ক্ষতিপূরণ দাবি করে
(খ) বিমাকারীর নিকট ক্ষতি প্রদর্শন করে
(গ) বিমাকারী প্রতিষ্ঠানকে প্রিমিয়াম প্রদান করে
(ঘ) বিমার মেয়াদ বৃদ্ধির ব্যবস্থা করে **ক**

**৩৪৬. ১ লক্ষ টাকায় কেনা একটি ছবি বিমা করা হয়েছিল। ২৫% আগুনে পুড়ে গেল। বিমা কোম্পানি কত ক্ষতিপূরণ করবে?** (প্রয়োগ)
(ক) ২৫,০০০ টাকা (খ) ৫০,০০০ টাকা
(গ) ৭৫,০০০ টাকা (ঘ) ১,০০,০০০ টাকা **ঘ**

**৩৪৭. অগ্নিবিমার চুক্তি বাতিল বলে গণ্য হতে পারে —** (অনুধাবন)
i. শর্ত ভঙ্গের কারণে
ii. শর্ত পূরণের মাধ্যমে
iii. উভয় পক্ষ শর্ত মেনে না চললে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **খ**

**৩৪৮. অগ্নিবিমার সাধারণ উপাদান হলো —** (অনুধাবন)
i. প্রস্তাব ও স্বীকৃতি ii. নির্দিষ্টতা
iii. শর্তাবলি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **ক**

**৩৪৯. বিমাগ্রহণকারীর ক্ষতিপূরণ দাবি অযৌক্তিক —** (অনুধাবন)
i. তথ্য গোপন করে চুক্তি সম্পাদিত হলে
ii. পূর্ণ তথ্য প্রকাশের ফলে
iii. তথ্য গোপনের ফলে বিষয়বস্তুর ক্ষতি সাধিত হলে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **খ**

**৩৫০. অগ্নিবিমায় নৈতিক ঝুঁকির বিষয়বস্তু হলো —** (অনুধাবন)
i. শত্রু কর্তৃক অগ্নিসংযোগ
ii. স্বেচ্ছাপ্রণোদিত অগ্নিসংযোগ
iii. বিপজ্জনক প্রক্রিয়ার ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **ক**

**৩৫১. প্রাকৃতিক ঝুঁকির কারণ হতে পারে —** (অনুধাবন)
i. ত্রুটিপূর্ণ তাপ ব্যবস্থা
ii. অতি দাহ্য প্রকৃতির বস্তু
iii. অসতর্কতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫২ ও ৩৫৩ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রুহিত একজন উদ্যমী, আত্মকর্ম প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিনি ব্যবসায় প্রতিষ্ঠার মাধ্যমে নিজের এবং সমাজের উন্নয়ন নিশ্চিত করে থাকেন। তবে তিনি তার প্রতিযোগী মি. মামুনের প্রতিষ্ঠানে অগ্নিকান্ডের ফলে দেউলিয়া হওয়া পরিস্থিতি দেখে ভীত হন।

**৩৫২. মি. রুহিত এ অবস্থায় কী ব্যবস্থা গ্রহণ করতে পারেন?** (প্রয়োগ)
(ক) অগ্নিবিমা গ্রহণ (খ) ব্যবসা বন্ধ
(গ) জীবন বিমা গ্রহণ
(ঘ) এসব নিয়ন্ত্রণ করতে চাইবেন **ক**

**৩৫৩. মি. মামুন কেন এ ক্ষতির সম্মুখীন হলেন?** (উচ্চতর দক্ষতা)
(ক) অগ্নিবিমা গ্রহণ না করায়
(খ) সাবধানতা অবলম্বন না করায়
(গ) ব্যবসায় ক্ষতি হওয়ায়
(ঘ) ব্যবসায় মনযোগী না হওয়ায় **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মিতা এন্টারপ্রাইজের দেশের বিভিন্ন স্থানে সিএনজি ফিলিং স্টেশন রয়েছে। তারা একক অগ্নিবিমাপত্রের অধীনে তা বিমা করেছেন।

**৩৫৪. মিতা এন্টারপ্রাইজ কোন ধরনের অগ্নিবিমাপত্র সংগ্রহ করেছে?** (প্রয়োগ)
(ক) গড়পড়তা (খ) ভাসমান
(গ) বাড়তি (ঘ) ঘোষণাযুক্ত **খ**

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫৫ ও ৩৫৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. নিরব তার ৫০ লক্ষ টাকা মূল্যের বাড়িটির জন্যে অগ্নি বিমা করেছিলেন। আগুন লেগে তার বাড়িটির ক্ষতি হলে নির্দিষ্ট সময়ের মধ্যে তিনি বিমা কোম্পানির নিকট পুলিশের তদন্ত রিপোর্টসহ দাবি পেশ করেন।

**৩৫৫. মি. নিরব কতদিনের মধ্যে দাবি পেশ করেছিলেন?** (প্রয়োগ)
(ক) ১৪ দিন (খ) ৩০ দিন
(গ) ৪৫ দিন (ঘ) ৬০ দিন **খ**

**৩৫৬. তিনি পুলিশের তদন্ত রিপোর্ট কেন পেশ করেছিলেন?** (উচ্চতর দক্ষতা)
(ক) সম্পত্তির ক্ষতির পরিমাণ বেশি বলে
(খ) আদালত কর্তৃক নির্দেশিত হওয়ায়
(গ) বিমা কোম্পানির নির্দেশে
(ঘ) শত্রুতামূলক অগ্নিকান্ড ঘটেছিল বলে **ঘ**

Teachingbd.com